AVIVA
| Life Insurance |

INDIA PARTNER Dabur GROUP

# আভিভা জন সুরক্ষা



## আভিভা জন সুরক্ষা – একটি ইন্ডিভিজুয়াল নন-লিংকড নন-পার্টিসিপেটিং পিওর রিস্ক লাইফ ইন্সিওরেন্স প্ল্যান

জীবন ভরা অনিশ্চয়তা কিন্তু আপনাকে আপনার প্রিয়জনেদের কথা চিন্তা করতে হবে এবং তাদের ভবিষ্যৎ সুরক্ষিত করতে হবে। যদি আপনার উপর কোনো আকস্মিক বিপদ আসে, তবে কে নেবে আপনার সন্তানদের ভরণপোষণের দায়িত্ব, কোথা থেকে তাদের পড়াশুনা, বিয়ে ইত্যাদির অর্থ আসবে, এবং আপনি যদি লোন নিয়ে থাকেন, তবে তা পরিশোধ করবে কে?

জন সুরক্ষা হল এমন একটি লাইফ ইন্সিওরেন্স প্ল্যান, যেটি আপনাকে আপনার সন্তানদের ভবিষ্যৎ সুরক্ষিত রাখতে সাহায্য করে। যদিও জীবনহানির মত ঘটনার কোনো পরিপূরণ হয় না, জন সুরক্ষা নিশ্চিত করে অন্তত তাদের আর্থিক প্রয়োজনীয়তাগুলি যাতে সম্পূর্ণ হয়, যদি আপনার উপর কোনো দুর্ভাগ্যজনক ঘটনা ঘটে।

## এটির লক্ষ্য

- দুর্ভাগ্যবশত আপনার যদি মৃত্যু হয় তবে এমন বিপদে আপনার উপর নির্ভরশীলদের জন্যে আর্থিক সুরক্ষা যোগানো।

## আভিভা জন সুরক্ষা কি?

- আভিভা জন সুরক্ষা হল একটি নিম্ন মূল্যের লাইফ ইন্সিওরেন্স প্ল্যান যেটি পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে যদি দুর্ভাগ্যবশত আপনার মৃত্যু হয়, থোক নগদ অর্থরাশি দেওয়ার প্রতিশ্রুতি দেয়। আপনি নিয়মিত অথবা একক প্রিমিয়াম জমা করার টার্ম বেছে নিতে পারেন। একক প্রিমিয়াম জমা করার বিকল্পে আর কোনো প্রিমিয়াম জমা করতে হয় না।
- আভিভা জন সুরক্ষা 18 থেকে 45 বৎসরের যেকোনো ব্যক্তির জন্য ক্রয় করতে পারা যায়। এই পলিসিটি 5 বৎসর অথবা 10 বৎসর, যেকোনো মেয়াদকালের জন্যে নেওয়া যেতে পারে, যেখানে বীমাকৃত ব্যক্তির বয়স পলিসি শেষ হওয়ার সময় হতে হবে যথাক্রমে 50 অথবা 55 বৎসর।
- আভিভা জন সুরক্ষা নিয়মিত প্রিমিয়ামের জন্যে ন্যূনতম ₹30,000 এবং একক প্রিমিয়ামের জন্যে ₹25,000 এবং সর্বাধিক ₹50,000 পর্যন্ত ক্রয় করা যেতে পারে, বোর্ডের অনুমোদিত অধিকৃত পলিসি অনুযায়ী।
- ন্যূনতম এবং সর্বাধিক বার্ষিক/একক প্রিমিয়ামের পরিমাণ নির্ভর করে ন্যূনতম এবং সর্বাধিক আশ্বাসিত অর্থরাশির উপর।

## এই প্ল্যানের সুবিধাগুলি কি কি?

- পলিসি টার্ম চলাকালীন দুর্ভাগ্যবশত আপনার মৃত্যু হলে, আপনার নমিনিকে সুনিশ্চিত অর্থরাশি দেওয়া হবে। দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে সুনিশ্চিত অর্থরাশির দ্বিগুণ অর্থ আপনার নমিনিকে দেওয়া হবে।
- আপনাকে কোনো ডাক্তারি পরীক্ষা করাবার প্রয়োজন নেই।
- আপনি যে পরিমাণ প্রিমিয়াম জমা করবেন, সেগুলি কর বিধি 1961 এর অন্তর্গত বিভাগ 80C অনুযায়ী কর রিবেট পেতে পারেন। কর বিধিগুলি সরকারের বিজ্ঞপ্তি অনুযায়ী সময় থেকে সময়বিশেষে পরিবর্তনসাপেক্ষ।

## বিবৃতি
এই বিবৃতিটি সুনিশ্চিত অর্থরাশি ₹30,000 এর জন্যে দেওয়া হয়েছে।

| প্রিমিয়াম ফ্রিকোয়েন্সি | পলিসি টার্ম (বৎসর) | বয়ঃক্রমের জন্যে প্রিমিয়াম (₹) | | |
|---|---|---|---|---|
| | | 18 – 35 | 36 – 40 | 41 - 45 |
| বার্ষিক প্রিমিয়াম | 5 | 210 | 236 | 270 |
| | 10 | 210 | 236 | 270 |
| একক প্রিমিয়াম | 5 | 780 | 900 | 1050 |
| | 10 | 1260 | 1560 | 1920 |

'বার্ষিক প্রিমিয়াম' হল পলিসিহোল্ডারের দ্বারা বেছে নেওয়া এক বৎসরে জমা করা প্রিমিয়ামের পরিমাণ, যার মধ্যে কর, রাইডার প্রিমিয়াম, অধিকৃত অতিরিক্ত প্রিমিয়াম এবং মোডাল প্রিমিয়ামের জন্যে, যদি থাকে, লোডিংস অন্তর্ভুক্ত থাকে না।

'একক প্রিমিয়ামের' পরিমাণ হল সমস্ত কর, রাইডার প্রিমিয়াম এবং অধিকৃত এক্সট্রা প্রিমিয়াম, যদি থাকে, -এইগুলি বাদ দিয়ে।

## অতিরিক্ত তথ্য
- বর্ধিত সময়কাল

  'বর্ধিত সময়কাল' (গ্রেস পিরিওড) - এই পিরিওডটি হল কোম্পানির দ্বারা প্রিমিয়াম জমা করার ধার্য তারিখ থেকে অনুমোদিত সময়কাল, কোনো পেনাল্টি অথবা লেট ফী ছাড়াই, যে সময়ে পলিসিটিকে ইন-ফোর্স বা চালু হিসাবে বিবেচনা করা হয় রিস্ক কভারসহ, কোনো বাধা ছাড়াই, পলিসির বিধি ও শর্তাবলী অনুযায়ী। বার্ষিক এবং অর্ধ-বার্ষিক অথবা ত্রৈমাসিক প্রিমিয়াম জমা করার বর্ধিত সময়কাল হল 30 দিন এবং মাসিক প্রিমিয়ামের জন্যে 15 দিন।
- এটি একটি পিওর টার্ম ইন্সিওরেন্স প্রোডাক্ট, সুতরং মেয়াদপূর্তিতে কোনো সুবিধা প্রদান করা হয় না।
- আপনি প্রিমিয়াম জমা করতে পারেন নগদ অর্থে, চেক অথবা ডিম্যান্ড ড্রাফ্টের মাধ্যমে।

## পুনরুদ্ধার
একটি ল্যাপ্স বা বন্ধ হয়ে যাওয়া পলিসি, পলিসি টার্মের মধ্যে পুনরুদ্ধার করা যেতে পারে, কিন্তু 5 বৎসরের মধ্যে, অর্থাৎ, পুনরুদ্ধার সময়কাল, প্রথম জমা না করা প্রিমিয়ামের তারিখ থেকে, বীমাকৃত ব্যক্তির ইন্সিওরেবিলিটির বিষয়ে, আমাদের বোর্ডের তৎকালীন আন্ডাররাইটিং অনুমোদিত পলিসি অনুসারে সন্তোষজনক প্রমাণ দিতে পারেন, যা পুনরুদ্ধারের অর্থরাশির পরিমাণের উপর নির্ভর করে এবং সকল বকেয়া জমা না করা প্রিমিয়াম জমা করে দেওয়া পরে। কোম্পানি বোর্ডের অনুমোদিত আন্ডাররাইটিং নির্দেশিকা অনুসারে একটি ল্যাপ্সড পলিসিকে পুনরুদ্ধার করা বা না করার অধিকার রাখে।

## বর্জননীতি
বীমাকৃত ব্যক্তি যদি পলিসির অন্তর্গত ঝুঁকির কভার শুরু হওয়ার পরে অথবা পলিসির পুনরুদ্ধারের তারিখ থেকে 12 মাসের মধ্যে আত্মহত্যা করেন, যেমন প্রযোজ্য, সেক্ষেত্রে পলিসিহোল্ডারের নমিনি অথবা বেনিফিশিয়ারি মৃত্যুর তারিখ পর্যন্ত মোট জমা করা প্রিমিয়ামের অন্তত 80% অথবা মৃত্যুর তারিখ পর্যন্ত উপলব্ধ সারেন্ডার ভ্যালু, যেটি বেশি হবে, পাবেন, পলিসি চালু আছে এই শর্তে।

## ফ্রীলুক পিরিওড
আপনার পলিসি ডকুমেন্ট পাওয়ার 15 দিনের মধ্যে পলিসির বিধি শর্তগুলির পুনর্মূল্যায়ন করার এবং ফেরৎ দেওয়ার অধিকার আছে। আপনি যদি পলিসিটি ফেরৎ দেন, তবে আপনি যে প্রিমিয়াম জমা করেছেন সেই অর্থরাশি আপনাকে ফেরৎ দেওয়া হবে স্ট্যাম্প ডিউটির জন্যে প্রদত্ত অর্থ বাদ দিয়ে।

## গ্রহণ স্বীকৃতি
ঝুঁকি স্বীকার এবং প্রিমিয়াম সম্পূর্ণ প্রাপ্ত হওয়া পর্যন্ত আভিভার কোনো দাবীর জন্যে দায়বদ্ধতা নেই।

## আভিভা-তে কেন বিনিয়োগ করবেন?
আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড হল ডাবর ইনভেস্ট কর্প এবং আভিভা ইন্টার্ন্যাশনাল হোল্ডিংস লিমিটেড, একটি ইউকে ভিত্তিক ইন্সিওরেন্স গ্রুপ, ভারতবর্ষের সাথে যে সংস্থাটির সংশ্লিষ্টতা দীর্ঘ 1834 সাল থেকে - এই দুইটি কোম্পানির যুগ্ম উদ্যোগ। আভিভা লাইফ ইন্সিওরেন্স বেছে নিয়ে আপনি বিশ্বের অন্যতম প্রাচীন ইন্সিওরেন্স গোষ্ঠীর অভিজ্ঞতার নিয়ন্ত্রণাধীন হতে পারছেন, যাঁদের অস্তিত্ব শুরু হয় 1696 সালে।

1884 সালে অধিষ্ঠিত ডাবর ইন্ডিয়া লিমিটেড, ডাবর গোষ্ঠীর অন্যতম মুখ্য কোম্পানি, হল ভারতের প্রাচীনতম এবং বৃহত্তম কোম্পানিগুলির মধ্যে একটি। এটি দেশের মুখ্য স্বাস্থ্য-সহায়ক উৎপাদনগুলির প্রস্তুতকারকদের অন্যতম সংস্থা।

**অ্যাসাইনমেন্ট এবং নমিনেশনের** অনুমোদন করা হয় বীমা বিধি 1938 এর অন্তর্গত বিভাগ 38 এবং 39 অনুযায়ী, যা সময় থেকে সময় বিশেষে এই পলিসির বিধি অনুযায়ী পরিবর্তনসাপেক্ষ।

## সেকশন 41
বীমা বিধি 1938 এর বিভাগ 41 অনুযায়ী (1) কোনো ব্যক্তিকে অনুমতি দেওয়া হয় না কিংবা অনুমতির জন্যে সম্মতি দেওয়া হয় না, ভারতবর্ষে কোনো ধরণের জীবন অথবা সম্পত্তি বিষয়ক ঝুঁকি সম্পর্কিত ঘটনার জন্যে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তিকে কোনো বীমা নেওয়া অথবা পুনর্নবীকরণ করার জন্যে প্রলোভিত করার, পলিসিতে প্রদর্শিত প্রিমিয়ামের জন্যে প্রদেয় কমিশনের থেকে সম্পূর্ণ অথবা আংশিক রিবেট প্রদান করার, অন্যদিকে কোনো ব্যক্তিও কোনো পলিসির পুনর্নবীকরণ অথবা চালু রাখার জন্যে কোনো রিবেট নিতে পারবেন না, যদি না বীমাকারীর প্রসপেক্টাস অথবা টেবিলে প্রকাশিত এই রিবেটের সাথে সামঞ্জস্য থাকে।

(1) তবে যদি একজন বীমা এজেন্ট নিজের জন্যে কোনো পলিসির জীবনবীমা নিয়ে থাকেন নিজের জীবনের উপর, এবং কমিশন গ্রহণ করে থাকেন, সেটিকে এই উপবিধির সংজ্ঞা অনুসারে প্রিমিয়ামের রিবেট নিয়েছেন হিসাবে বিবেচিত হবে না যদি এই রিবেট গ্রহণের সময় বীমা এজেন্ট তিনি যে বীমাকারীর দ্বারা নিযুক্ত একজন প্রকৃত বীমা এজেন্ট হিসাবে নির্দেশিত শর্তগুলি সন্তুষ্টজনকভাবে প্রতিষ্ঠিত করতে পারেন।

(2) যদি কোনো ব্যক্তি এই বিভাগের বিধিগুলিকে সঠিকভাবে মানতে না পারেন, তাঁকে জরিমানা দিতে বাধ্য হতে হবে, যার পরিমাণ হতে পারে দশ লক্ষ টাকা পর্যন্ত।

## বিভাগ 45
বীমা বিধি 1938 এর বিভাগ 45 অনুযায়ী, যা সময় থেকে সময়ে পরিবর্তন হয়েছে, 3 বৎসর অতিবাহিত হয়ে যাওয়ার পরে, ভুল বিবৃতির জন্যে কোনো পলিসির বিষয়ে আর কোনো প্রশ্ন তোলা যাবে না।

## অনুসন্ধান এবং অভিযোগ
আপনার যদি আরো কিছু জানার থাকে, অথবা কোনো অনুসন্ধান অথবা অভিযোগ থাকে, অনুগ্রহ করে অপর পৃষ্ঠায় দেওয়া নম্বরে যোগাযোগ করুন।

*ডাবর ইনভেস্ট কর্প এবং আভিভা ইন্টার্ন্যাশনাল হোল্ডিংস লিমিটেডের একটি যুগ্ম উদ্যোগ*


**আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেড**

**প্রধান কার্যালয়:** আভিভা টাওয়ার, সেক্টর রোড, গল্ফ কোর্সের বিপরীতে, DLF ফেজ-V, সেক্টর 43, গুরুগ্রাম-122003, হরিয়ানা, ভারতবর্ষ

টেলি নং.: +91 124-2709000, ফ্যাক্স নং.: +91 124-2571210, ওয়েবসাইট: www.avivaindia.com, ই-মেল: customerservices@avivaindia.com

**রেজিস্টার্ড অফিস:** 2য় তল, প্রকাশদীপ বিল্ডিং, 7, টলস্টয় মার্গ, নিউ দিল্লি -110001, ভারতবর্ষ


প্রতারণামূলক ফোন কল এবং জাল / ছলনামূলক অফার থেকে সাবধান থাকবেন। IRDA অফ ইন্ডিয়া জনসাধারণের কাছে এই বিবৃতি দিচ্ছে যে:

- IRDA অফ ইন্ডিয়া অথবা এর আধিকারিকগণ কোনো ধরণের বীমা অথবা আর্থিক প্রোডাক্টের বিক্রয় অথবা প্রিমিয়ামে বিনিয়োগের মত কার্যাবলীর সাথে জড়িত থাকে না।
- IRDA অফ ইন্ডিয়া কোনো বোনাসের জন্যে ঘোষণা করে না। যদি জনসাধারণ থেকে কেউ এই ধরণের ফোন কল পেয়ে থাকেন তাঁকে অনুরোধ করা হচ্ছে ফোন কলের নম্বরসহ পুলিশের কাছে একটি অভিযোগ জানাতে।


আভিভা জন সুরক্ষা – একটি ইন্ডিভিজুয়াল নন-লিংকড নন-পার্টিসিপেটিং পিওর রিস্ক লাইফ ইন্সিওরেন্স প্ল্যান। উপরে প্রদর্শিত ট্রেড লোগোটি হল আভিভা ব্র্যান্ডস লিমিটেডের এবং আভিভা লাইফ ইন্সিওরেন্স কোম্পানি ইন্ডিয়া লিমিটেডের দ্বারা অধিকৃত লাইসেন্স দ্বারা ব্যবহৃত। কর সুবিধাগুলি বর্তমানে উপলব্ধ কর বিধি অনুযায়ী প্রযোজ্য এবং পরিবর্তনসাপেক্ষ। UIN: 122N021V02, MKT/December 2015/Ver. 1.4, Advt. No.: Sep 34/19.